DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 01:40 AM

সারাদেশ

# ঘাটাইলে ফ্যামিলি কার্ডে আওয়ামী লীগ নেতাকর্মীদের নিয়োগের অভিযোগ

প্রতিবেদক: ঘাটাইল প্রতিনিধি
প্রকাশের তারিখ: সোমবার, ১০ আগস্ট ২০২৬, ০১:৪৩ PM



ছবি ঢাকা প্রোব

টাঙ্গাইলের ঘাটাইলে ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদে আওয়ামী লীগের নেতাকর্মীদের নিয়োগ দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় নিয়োগ বাতিলের দাবিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বরাবর লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

রোববার (৯ আগস্ট) দুপুরে শাফিউর রহমান নামে এক ব্যক্তি প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকাসহ এ অভিযোগ দেন।

অভিযোগে বলা হয়, ঘাটাইল উপজেলায় ফ্যামিলি কার্ড কর্মসূচির সুপারভাইজার পদে তিনজন এবং তথ্য সংগ্রহকারী পদে সাতজনকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়েছে। অভিযোগকারীর দাবি, নির্বাচিতদের কয়েকজন আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত এবং বিগত সরকারের সময়ে এলাকায় বিভিন্ন অনিয়ম ও অপরাধমূলক কর্মকাণ্ডে যুক্ত ছিলেন।

অভিযোগে আরও বলা হয়, নির্বাচিতদের কয়েকজন ফ্যামিলি কার্ড কর্মসূচি নিয়ে বিরূপ মন্তব্য করছেন এবং কার্ড বিক্রির চেষ্টা করতে পারেন বলে আশঙ্কা রয়েছে। এ কারণে তাদের নিয়োগ বাতিলের দাবি জানানো হয়েছে।

এদিকে ফ্যামিলি কার্ড কর্মসূচির তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগে অনিয়মের অভিযোগ এর আগেও উঠেছিল উপজেলা নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে। এ নিয়ে গত ৪ আগস্ট গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়।

শাফিউর রহমান বলেন, ফ্যামিলি কার্ডে নিয়োগে অনিয়মের অভিযোগ রয়েছে। আওয়ামী লীগের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের নিয়োগ দেওয়া হচ্ছে, যারা বিএনপির ফ্যামিলি কার্ড নিয়ে বিরূপ মন্তব্য করছেন।

অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে ঘাটাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মাহমুদুল হাসানের মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তিনি ফোন রিসিভ করেননি

---

## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**

নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**

নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/ghataile-fjamili-karde-aoyami-lig-netakrmider-niyoger-obhijpg